



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbagc.edu.bd



তারিখ: ০৭/১১/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষ উপলক্ষে 'মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১' এর আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতার বিভাগীয় পর্যায় ১৯/১১/২০২১ থেকে ২৪/১১/২০২১ তারিখ মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, মোহাম্মদপুর, ঢাকা এবং চূড়ান্ত সাংস্কৃতিক প্রতিযোগিতা ১১/১২/২০২১ তারিখ সরকারি সংগীত কলেজ, আগারগাঁও, ঢাকা ও চূড়ান্ত ক্রীড়া প্রতিযোগিতা সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকায় অনুষ্ঠিত হবে। এ প্রতিযোগিতায় জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত নিয়মিত শিক্ষার্থীদের নাম আগামী ০৯/১১/২০২১ তারিখের মধ্যে নিম্নোক্ত ছক অনুযায়ী বাংলা বিভাগের সামনে রক্ষিত বাক্সে জমা দেয়ার জন্য বলা হলো।

প্রতিযোগিতার (এ্যাথলেটিক্স) ইভেন্টসমূহ:

১।	১০০ মিঃ স্প্রিন্ট দৌড় (ছেলে ও মেয়ে)	৪।	হাই জাম্প (ছেলে ও মেয়ে)
২।	৪০০ মিঃ দৌড় (ছেলে ও মেয়ে)	৫।	শর্ট পুট
৩।	লং জাম্প (ছেলে ও মেয়ে)	৬।	ডিসকাস থ্রো

সাংস্কৃতিক ইভেন্টসমূহ:

১।	রবীন্দ্র সংগীত	৬।	একক বা দ্বৈত অভিনয়
২।	নজরুল সংগীত	৭।	নৃত্য (একক)
৩।	দেশাত্মবোধক গান	৮।	ছোট গল্প লেখা
৪।	লোকগীতি	৯।	নির্ধারিত বিষয়ে উপস্থিত বক্তৃতা
৫।	বাংলা কবিতা আবৃত্তি		

নাম জমা দেয়ার ছক

ক্র. নং	প্রতিযোগীর নাম	বিষয়/বিভাগ	ক্রাস রোল	শিক্ষাবর্ষ	রেজিস্ট্রেশন নম্বর	ইভেন্টের নাম	স্ট্যাম্প সাইজ ছবি	স্বাক্ষর	মোবাইল

শর্তাবলী:-

- ১। প্রতিযোগীকে স্নাতক (সম্মান ও পাস) ও মাস্টার্স শ্রেণির নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ২। প্রতিযোগিতার দিন কলেজ আইডি কার্ড সঙ্গে থাকতে হবে।
- ৩। একজন প্রতিযোগী সর্বোচ্চ ২ (দুই) টি ইভেন্টে অংশ গ্রহণ করতে পারবে।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ ০৭/১১/২১

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

০৭/১১/২০২১

আহ্বায়ক

মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১ কমিটি
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর